

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মেডিক্যাল টেকনোলজি অনুষদের ডীন ও বক্ষব্যার্থি (রেসপিরেটরি মেডিসিন) বিভাগের অধ্যাপক ডা. মোহাম্মদ আতিকুর রহমান এই বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ হিসেবে নিয়োগ পাওয়ায় গত ২০ সেপ্টেম্বর ২০১৮ইং তারিখে গণভবনে বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী দেশরত্ন শেখ হাসিনাকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান ও কৃতজ্ঞতা প্রকাশ করেন। এসময় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া, সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, সম্মানিত উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. সাহানা আখতার রহমান, সম্মানিত উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মুহাম্মদ রফিকুল আলম উপস্থিত ছিলেন।

